Roche

রোশ বাংলাদেশ লিমিটেড


আস্থা সম্পর্কে আরও তথ্যের জন্য আমাদের সাথে যোগাযোগ করুন +৮৮০১৭৩০৩৬১৬৬১ এই নাম্বারে (সকাল ৯:০০ থেকে রাত ৮:০০ পর্যন্ত) অথবা ইমেইল করুন aastha.psp@roche.com

**আস্থা ওয়েবসাইট**

www.aastha-psp.com.bd

## সহজ ৪ টি ধাপ

| অনলাইন রেজিস্ট্রেশন www.aastha-psp.com.bd | ঔষধের রশিদ আপলোড | প্রমানপত্রে স্বাক্ষর ও আপলোড | ব্যবহৃত ভায়াল/স্ট্রিপ জমা |
|---|---|---|---|




## নির্দেশাবলী

আপনাকে নির্দিষ্ট সময়সীমার মধ্যে নিম্নলিখিত পদক্ষেপগুলো সম্পাদন করার জন্য অনুরোধ করছি-

- রোশ ঔষধের প্রথম ক্রয়ের দুই দিন পূর্বে রোগীকেট অনলাইনে নিবন্ধন করতে হবে। অনলাইন নিবন্ধনের জন্য www.aastha-psp.com.bd এই ঠিকানায় প্রবেশ করুন।
- কনসেন্ট ফর্মটি উপরে নির্দেশিত ঠিকানায় প্রবেশের পর ডাউনলোড বা আমাদের প্রতিনিধির কাছ থেকে সংগ্রহ করতে পারবেন।
- এরপর রেজিষ্টার বাটনে ক্লিক করে ফরমটি পূরণ করুন এবং সাথে স্বাক্ষরিত কনসেন্ট ফর্ম ও প্রেসক্রিপশন আপলোড করুন।
- সফল রেজিস্ট্রেশনের পর আপনি প্রোফাইল নাম ও পাসওয়ার্ড সম্বলিত একটি এসএমএস (বার্তা) পাবেন।
- বিনামূল্যের ঔষধ প্রক্রিয়া ও বিতরনের জন্য নুন্যতম ১ কার্যদিবস প্রয়োজন।
- বিনামূল্যে প্রদত্ত ঔষধ গ্রহণ করার সময় পূর্ববর্তী ক্রয়কৃত ঔষধের রশিদগুলো আপনার প্রোফাইলে আপলোড করুন বা আমাদের প্রতিনিধির কাছে ইলেক্ট্রনিক মিডিয়ার মাধ্যমে প্রেরণ করতে পারেন।
- ঔষধ গ্রহণ করার সময় "বিনামূল্যে ঔষধ প্রাপ্তির প্রমাণপত্র" ফর্মে স্বাক্ষর করে আপনার প্রোফাইলে আপলোড করুন বা আমদের প্রতিনিধির নিকট ইলেক্ট্রনিক মিডিয়ার মাধ্যমে প্রেরণ করতে পারবেন।
- ঔষধটি রোগীর শরীরে প্রবেশ করানোর পর অবশ্যই রোগী এবং চিকিৎসক/সেবা সরবরাহকারীকে "ঔষধ প্রয়োগের প্রমানপত্রে" স্বাক্ষর করতে হবে।
- একই সাথে বিনামূল্যে প্রদত্ত ঔষধের মোড়কের সাথে ব্যবহৃত ভায়াল/স্ট্রিপটি সংরক্ষণ করতে হবে।
- দ্বিতীয় এবং পরবর্তী বিনামূল্যে প্রদত্ত ঔষধ পেতে, পূর্ববর্তী ক্রয়ক্রিত ঔষধের রশিদগুলো, বিনামূল্যে ঔষধ প্রাপ্তির প্রমাণপত্র, ঔষধ শরীরে প্রয়োগের প্রমানপত্র আপনার প্রোফাইলে আপলোড করুন।
- একই সাথে রোগীদের বিনামূল্যে প্রদত্ত ঔষধের মোড়কের সাথে ব্যবহৃত ভায়াল/স্ট্রিপটি পরবর্তী সাইকেলের নির্ধারিত তারিখের আগে আমাদের প্রতিনিধির নিকট প্রেরণ করতে হবে।
- আপনি যদি বিনামূল্যে প্রদত্ত ঔষধের মোড়কের সাথে ব্যবহৃত ভায়াল/স্ট্রিপটি জমা না দেন বা অন্যান্য ডকুমেন্ট না দেন, তবে আপনি পরবর্তী ঔষধটি বিনামূল্যে পাবেন না।
- রোগী নির্ধারিত ডিপোগুলিতে বা সরাসরি রোগী সহায়তা প্রতিনিধির কাছে বিনামূল্যে প্রদত্ত ঔষধের মোড়কের সাথে ব্যবহৃত ভায়াল/স্ট্রিপটি বা অন্যান্য ডকুমেন্ট জমা দিতে পারবেন।
- জমা দেয়ার সময় অবশ্যই আমাদের প্রতিনিধির সাথে যোগাযোগ করুন।
- সরকারী ও স্বায়ত্ত্বশাসিত হাসপাতালের রোগীদের ক্ষেত্রে সকল ওষুধ (ক্রয়ক্রিত বা বিনামুল্যে) সংশ্লিষ্ট হাসপাতাল থেকে গ্রহণের প্রমানপত্র আমাদেরকে প্রেরণ করতে হবে।

উপরোক্ত যে কোনো শর্ত মেনে চলতে যদি কোনো বিলম্ব হয়, তবে বিনামূল্যে ঔষধ পেতে বিলম্বের জন্য রোশ দায়বদ্ধ থাকবে না।

রোশ যে কোন পূর্ব বিজ্ঞপ্তি ছাড়াই কার্যক্রমটি সংশোধন, পরিমার্জন বা সমাপ্ত করার অধিকার রাখে। আপনার সুস্বাস্থ্য কামনা করছি।

আস্থা

# নির্দেশাবলী

এবং

# আপনার জিজ্ঞাসা



'আস্থা'- রোশ বাংলাদেশের একটি রোগী সহায়তা কার্যক্রম বা পেসেন্ট সাপোর্ট প্রোগ্রাম (পিএসপি), যার মাধ্যমে জীবনের কঠিন সময়ে আপনার পাশে থাকার একটি ছোট প্রয়াস।

আমরা জানি, সীমাবদ্ধ তহবিল, ক্রয় ক্ষমতার সীমাবদ্ধতা, নিজস্ব ও পরিবারের চিকিৎসা ব্যয় বোঝার কারন হয়ে দাড়ায়। এই বাস্তবতাগুলো বিবেচনা করে রোশ সর্বদা দেশের রোগীদের জন্য উপযুক্ত সমাধান দেওয়ার চেষ্টা করেছে এবং আমরা বিশ্বাস করি যে, এই পিএসপি প্রোগ্রমটি সকল রোগীদের পক্ষে চিকিৎসার যাত্রাটি স্বাচ্ছন্দে চালিয়ে যাওয়ার জন্য সহায়ক হয়ে থাকবে।

## যোগাযোগ

আস্থা সম্পর্কে আরও তথ্যের জন্য আমাদের সাথে যোগাযোগ করুন +৮৮০১৭৩০৩৬১৬৬১ এই নাম্বারে (সকাল ৯:০০ থেকে রাত ৮:০০ পর্যন্ত) অথবা ইমেইল করুন aastha.psp@roche.com

**আস্থা ওয়েবসাইট**

www.aastha-psp.com.bd

## সাধারণ প্রশ্ন

**আস্থা প্রোগ্রাম কী?**
'আস্থা'- রোশ বাংলাদেশ এর একটি রোগী সহায়তা কার্যক্রম বা পেসেন্ট সাপোর্ট প্রোগ্রাম (পিএসপি), যার মাধ্যমে আপনার জীবনের এই কঠিন সময়ে পাশে থাকার একটি ছোট প্রয়াস। 'আস্থা' রোগীদের চিকিৎসা আরও সাশ্রয়ী করে রোশের উদ্ভাবনী ঔষধগুলো নিতে সহায়তা করে।

**আমি কীভাবে আস্থা প্রোগ্রাম সম্পর্কে আরও জানতে পারি?**
'আস্থা' সম্পর্কে আরো জানতে আপনি ইমেইল করতে পারেন এই ঠিকানায় aastha.psp@roche.com বা কথা বলতে কল করুন এই নম্বরে +৮৮০১৭৩০৩৬১৬৬১, সকাল ৯:০০ টা থেকে রাত ৮:০০ তা পর্যন্ত (শনিবার থেকে বৃহস্পতিবার) অথবা আমাদের www.roche.com.bd ওয়েবসাইট থেকে জেনে নিতে পারেন।

**প্রোগ্রাম আর কত দিন চলবে?**
প্রোগ্রামটি বার্ষিক ভিত্তিতে পর্যালোচনা করা হবে।

**প্রোগ্রামটি হঠাৎ বন্ধ হয়ে গেলে আমি কীভাবে প্রভাবিত হব?**
প্রোগ্রামটি হঠাৎ বন্ধ হয়ে গেলে আস্থাতে নতুন রোগীর অন্তর্ভুক্তি বন্ধ করা হবে, তবে বিদ্যমান রোগীরা একটি নির্দিষ্ট সময় পর্যন্ত সহযোগিতা চলমান থাকবে।

## নিবন্ধন সম্পর্কিত প্রশ্ন

**কারা আস্থা পিএসপিতে অন্তর্ভুক্ত হতে পারবে?**
আপনি যদি বাংলাদেশের নিবন্ধিত চিকিৎসকের কাছ থেকে চিকিৎসা গ্রহণ করছেন এবং চিকিৎসক কর্তৃক নির্দিষ্ট ঔষধ পরামর্শপ্রাপ্ত হয়ে থাকেন তবে আস্থা পিএসপিতে অংশগ্রহণ করতে পারবেন।

**আমি কীভাবে আস্থা পিএসপিতে নিবন্ধিত হতে পারি?**
রোগীর 'আস্থা' পিএসপিতে নিবন্ধন কেবলমাত্র সফলভাবে অনলাইনে রেজিস্ট্রেশন এবং সাথে স্বাক্ষরিত কনসেন্ট ফর্ম ও প্রেসক্রিশন আপলোডের মাধ্যমে সম্পন্ন হবে।

**সম্মতিসূচক (কনসেন্ট) ফর্মটি কোথা থেকে সংগ্রহ ও জমা দিতে পারি?**
সম্মতিসূচক (কনসেন্ট) ফর্মটি www.aastha-psp.com.bd বা রোশ বাংলাদেশের ওয়েবসাইট থেকে ডাউনলোড করতে পারবেন। আপনি রোগী সহায়তা প্রতিনিধির কাছে এসে পূরণ করতে পারেন বা ফর্মটি পূরন করার পর আস্থা ওয়েবসাইট এ রেজিস্ট্রেশন করার সময় আপলোড বা ইল্যেট্রনিক মিডিয়া/কুরিয়ারের মাধ্যমে প্রেরণ করতে পারেন।

**আমি কিভাবে জানতে পারব যে, আমার আস্থা পিএসপিতে নিবন্ধন গৃহীত হয়েছে কিনা?**
'আস্থা' পিএসপিতে সফল নিবন্ধনের পর আপনি প্রোফাইল নাম ও পাসওয়ার্ড সম্বলিত একটি এসএমএস (বার্তা) পাবেন।

**বিনামুল্যে প্রাপ্ত বা ফ্রি অফ কস্ট (এফওসি) ঔষধ নেবার কতদিন আগে আমাকে আস্থা প্রোগ্রামে নিবন্ধন হতে হবে?**
বিনামুল্যে প্রাপ্ত বা ফ্রি অফ কস্ট (এফওসি) ঔষধ নেবার দুই দিন আগে অবশ্যই রোগীকে নিবন্ধন করতে হবে।

**আমি কি চিকিৎসা চলাকালীনি সময়ে প্রোগ্রামে অন্তর্ভুক্ত হতে পারি?**
হ্যাঁ, পিএসপির সাথে বিদ্যমান ঔষধ নিয়ে চিকিৎসা করা রোগী তৎক্ষণাত যথাযথ প্রমানপত্র এবং ডকুমেন্টের মাধ্যমে প্রোগ্রামে অন্তর্ভুক্ত হতে পারবেন।

**চিকিৎসা চলাকালীন কতদিন বিরতি দিলে আমাকে পুনরায় নিবন্ধন করতে হবে?**
অনলাইন অ্যাকাউন্টে ৬ মাসের বেশি সময় ধরে কোন কার্যক্রম না থাকলে সে অ্যাকাউন্ট স্থগিত করা হবে। এই ক্ষেত্রে অ্যাকাউন্ড পূণরায় সক্রিয় করতে রোগী সহায়তা প্রতিনিধির সাথে যোগাযোগ করতে হবে এবং রোগীর আগের ক্রয়কৃত ঔষধসমূহ বিবেচিত হবে না।

**পুনরায় চিকিৎসা নেবার প্রয়োজন পড়লে, আমি কি আবার প্রোগ্রামে অন্তর্ভুক্ত হতে পারবো?**
হ্যাঁ, আপনি অবশ্যই আস্থা প্রোগ্রামে পুনরায় অন্তর্ভুক্ত হতে পারবেন এই ক্ষেত্রে আমাদের প্রতিনিধির সাতে যোগাযোগ করতে হবে এবং পূণরায় স্বাক্ষরিত কনসেন্ট ফর্ম ও প্রেসক্রিপশন জমা দিতে হবে

## বিনামুল্যে প্রদত্ত ঔষধ সম্পর্কিত প্রশ্ন

**বিনামূল্যে ঔষধ পেতে আমাকে কি করতে হবে?**
প্রথমত আপনাকে আস্থা প্রোগ্রামে নিবন্ধিত হতে হবে। দ্বিতীয়ত আপনাকে রোশ প্রদত্ত কিছু শর্ত মেনে চলতে হবে।

**কি শর্তাবলি বিদ্যমান আছে?**
শর্তগুলির মধ্যে রয়েছে ঔষধের রশিদ, প্রমানপত্রে সাক্ষর ও বিনামূল্যে প্রদত্ত ঔষধের প্যাকেটসহ ব্যবহৃত ভায়াল/স্ট্রিপটি রোগী সহায়তাকারী প্রতিনিধির কাছে জমা দেয়া। শর্তগুলির যে কোন একটি পুরনে ব্যর্থ হলে আপনি পরবর্তী বিনামূল্যে প্রদত্ত ঔষধ নিতে পারবেন না।

**চিকিৎসা চলাকালীন সময় আমার ডোজ কমে বা বেড়ে গেলে কি করবো?**
ঔষধের ডোজ পরিবর্তনের জন্য যথাযথ প্রমাণপত্র (চিকিৎসকের পরামর্শপত্রের অনুলিপি) সহ বিনামূল্যের ঔষধ প্রক্রিয়া ও বিতরনের আগে রোগী সহায়তাকারী প্রতিনিধিকে জানাতে হবে।

**বিনামূল্যে ঔষধ গ্রহণের কতদিন আগে জানাতে হবে?**
বিনামূল্যে ঔষধ গ্রহণের ২ দিন আগে আমাদের প্রতিনিধির সাথে যোগাযোগ করতে হাবে।

**আমি এক স্থানে চিকিৎসা শুরু করে অন্য স্থানে বিনামূল্যে ঔষধ পেতে পারি?**
আপনি আপনার রোগীকে বাংলাদেশের যে কোন স্থানে চিকিৎসা চালিয়ে যেতে পারেন। নিকটবর্তী রেডিয়েন্ট ডিস্ট্রিবিউশন সেন্টার (ডিপো) থেকে আপনি ঔষধটি সংগ্রহ করতে পারবেন।

## ঔষধের রশিদ ও প্রমানপত্র জমা দেওয়ার বিষয়ে প্রশ্ন

**আমাকে কখন আমার ঔষধের রশিদ জমা দেওয়ার দরকার হবে?**
আমাদের ঔষধের স্কীম, ক্রয়কৃত ঔষধের উপর নির্ভর করে। নির্দিষ্ট সংখ্যক ঔষধ ক্রয় করার পর রশিদগুলো আপনার প্রোফাইলে আপলোড বা আমাদের প্রতিনিধির কাছে জমা বা ইলেক্ট্রনিক মিডিয়ার মাধ্যমে প্রেরণ করতে পারবেন।

**আমাকে কি 'ঔষধ গ্রহণ করার সম্মতিপত্রে' ও 'ঔষধ শরীরে প্রয়োগের সম্মতিপত্রে' স্বাক্ষর করতে হবে?**
ঔষধ গ্রহণ করার সম্মতিপত্রে স্বাক্ষর করলে আমরা বুঝতে পারবো আপনি সঠিকভাবে ঔষধটি গ্রহণ করেছেন। ঔষধ শরীরে প্রয়োগের সম্মতিপত্রে আপনি এবং আপনার চিকিৎসক স্বাক্ষর করলে আমরা বুঝতে পারবো ঔষধটি সঠিকভাবে আপনার শরীরে প্রয়োগ করা হয়েছে। দুটো নথিতে স্বাক্ষর করার পর অবশ্যই আমাদের প্রতিনিধিকে ফেরত দিতে হবে।

**'ঔষধ গ্রহণ করার প্রমানপত্র' ও 'ঔষধ শরীরে প্রয়োগের প্রমানপত্র' ফেরত দিতে ব্যর্থ হলে কি হবে?**
ঔষধ গ্রহণ করার প্রমানপত্র' ও 'ঔষধ শরীরে প্রয়োগের প্রমানপত্র' এই ডকুমেন্ট দুটো আমাদের জন্য খুবই গুরুত্বপূর্ণ। এই ডকুমেন্টগুলো আমাদের প্রতিনিধির নিকট দিতে বার্থ হলে আমরা পরবর্তীতে কোনো বিনামূল্যে প্রদত্ত ঔষধ আপনাকে দিতে পারবো না। এই ডকুমেন্টগুলোর মাধ্যমে আমাদের ঔষধ প্রশাসন অধিদপ্তরকে নিশ্চিত করব যে, আমরা বিনামূল্যে প্রদত্ত ঔষধটি একজন রোগীকে দিয়াছি এবং রোগী সঠিকভাবে ঔষধটি প্রয়োগ করেছে।

**'ঔষধ গ্রহণ করার প্রমানপত্র' ও 'ঔষধ শরীরে প্রয়োগের প্রমানপত্র' কতদিনের মধ্যে আমাকে জমা দিতে হবে?**
পরবর্তী ঔষধ গ্রহণের পূর্বেই ডকুমেন্টগুলো আপলোড বা আমাদের প্রতিনিধির নিকট প্রেরণ করতে হবে। এই ডকুমেন্টগুলো আপনি ছবি তুলে বা স্ক্যান করে ইলেকট্রনিক মিডিয়ার মাধ্যমে পাঠাতে পারবেন।

## বিনামুল্যে প্রদত্ত ঔষধের মোড়কের সাথে ব্যবহৃত ভায়াল/স্ট্রিপটি জমা দেওয়ার বিষয়ে প্রশ্ন

**আমাকে বিনামুল্যে প্রদত্ত ঔষধের মোড়কের সাথে ব্যবহৃত ভায়াল/স্ট্রিপটি জমা দেওয়ার দরকার হবে?**
হ্যাঁ আপনাকে জমা দিতে হবে। এটি জমা দেওয়ার মাধ্যমে আমরা নিশ্চিত হব যে, আপনি বিনামূল্যে প্রদত্ত ওষুধটি ব্যবহার করেছেন।

**বিনামুল্যে প্রদত্ত ঔষধের মোড়কের সাথে ব্যবহৃত ভায়াল/স্ট্রিপটি ফেরত দিতে বার্থ হলে কি হবে?**
বিনামুল্লে প্রদত্ত ঔষধের মোড়কের সাথে ব্যবহৃত ভায়াল/স্ট্রিপটি আপনাকে অবশ্যই জমা দিতে হবে। এটি জমা দিতে না পারলে রোশ পরবর্তীতে কোনো বিনামূল্যে প্রদত্ত ঔষধ দিতে পারবো না।

**বিনামুল্যে প্রদত্ত ঔষধের মোড়কের সাথে ব্যবহৃত ভায়াল/স্ট্রিপটি কোথায় ও কতদিনের মধ্যে ফেরত দিতে হবে?**
পরবর্তী ঔষধ গ্রহনের পূর্বে আমাদের ব্যবহৃত ভায়াল/স্ট্রিপটি দিতে হবে। আমরা অনুরোধ করবো আপনি আমাদের দ্রুত ফেরত দিন যেন কোন কারনে এই ভায়াল/স্ট্রিপটি হারিয়ে না যায়। এটি আপনি রেডিয়েন্ট ডিস্ট্রিবিউশন সেন্টার যে কোন শাখায় বা আমাদের প্রতিনিধির কাছে সরাসরি বা কুরিয়ার এর মাধ্যমে প্রেরণ করতে পারেন।

## ঔষধ সরবরাহের বিষয়ে প্রশ্ন

**ঔষধ প্রাপ্তির স্থান কোথা থেকে জানতে পারব?**
ঔষধ প্রাপ্তির স্থান সম্পর্কে জানতে কথা বলুন +৮৮০১৭৩০৩৬১৬৬১, সকাল ৯:০০ টা থেকে রাত ৮:০০ তা পর্যন্ত (শনিবার থেকে বৃহস্পতিবার)। অথবা আমাদের www.roche.com.bd ওয়েবসাইট থেকে যেকোন মুহুর্তেই জেনে নিতে পারেন।

**আপনাদের ডিপো কতক্ষণ খোলা থাকে?**
আমাদের ডিপো সময় সকাল ৯ঃ০০ টা থেকে সন্ধ্য৭ঃ০০ টা পর্যন্ত খোলা থাকে।

**আপনি কি ঔষধটি আমকে ডেলিভারি করতে পারবেন?**
হ্যাঁ, ঢাকার অভ্যন্তরে আমরা ঔষধ ডেলিভারি করে থাকি। তবে সরকারী ছুটির দিনগুলিতে ডেলিভারি সার্ভিস বন্ধ থাকে। ঢাকার বাহিরে রেডিয়েন্ট ডিস্ট্রিবিউশন সেন্টার (ডিপো) থেকে আপনাকে ঔষধটি সংগ্রহ করতে হবে।

**কখন আমাকে ডেলিভারি সম্পর্কে জানাতে হবে?**
ঔষধ সরবরাহ শুধুমাত্র ঢাকাতে বিদ্যমান। বিনামূল্যের ঔষধ প্রক্রিয়া ও বিতরনের জন্য ন্যুনতম ১ কার্যদিবস প্রয়োজন। ক্রয়কৃত ঔষধ বিতরনের ক্ষেত্রে ন্যুনতম ৬ ঘণ্টা সময় প্রয়োজন, সে ক্ষেত্রে দুপুর ১২ টার মধ্যে ডেলিভারি সম্পর্কে জানালে আমরা সরবরাহ করতে পারব।

**আমার থেকে কি ডেলিভারির খরচ নেয়া হবে?**
না, আপনার কাছ থেকে কোন অতিরিক্ত খরচ নেয়া হবে না। আমরা বিনামুল্যে এই সেবাটি প্রদান করে থাকি।

**ঔষধের ডেলিভারির সময় মূল্য কিভাবে পরিশোধ করবো?**
ঔষধ আপনার কাছে ডেলিভারি করার সময় প্রতিনিধির নিকট মূল্য পরিশোধ করতে হবে। আমরা কোন চেক গ্রহণ করি না। ঔষধের মূল্য নগদ অর্থে বা ক্রেডিট কার্ড (ঢাকার অভ্যন্তরে) এর মাধ্যমে পরিশোধ করা যাবে।